চুয়াডাঙ্গা সরকারি কলেজ, চুয়াডাঙ্গা
ডকেট নং ৭৪৭ নথি নং
তারিখ ২৩/০৭/২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শহর সমাজসেবা কার্যালয়
চুয়াডাঙ্গা।

স্মারক নম্বরঃ ৪১.০১.১৮০০.০৪১.১৬.০০১.২৬.১০৬

তারিখঃ ২৫.০৭.২০২৬ খ্রি.।

**ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত "ফ্যামিলি কার্ড" কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী ০১ আগস্ট ২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে শহর সমাজসেবা কার্যালয়, চুয়াডাঙ্গা'তে তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োগ করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্র: নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ক) ন্যুনতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স ১৮-৪০ বছর (শুমারি তারিখে)<br>গ) ট্যাব/স্মার্ট ফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০% + নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা<br>ঙ) সাবলীলভাবে বাংলা পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদুর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজ করার অভিজ্ঞতা | ক) ফৌজদারী মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত/দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি ও পেশাগত আইডি বা প্রমাণক |
| ক্র: নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব: | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
| ০২ | সুপারভাইজার (প্রতি ০৯ জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১ জন) | ক) ন্যুনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>বয়স ২৫-৪৫ (শুমারি তারিখে)<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা-পরীক্ষায় ৮০%+<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দল নেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | ক) প্রতিটি গণনা এরিয়া (Enumeration Area) শারিরিকভাবে পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Cheek)<br>গ) সন্ধ্যার মধ্যে ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ ,ডেটা লিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত<br>ঙ) সমস্যা ও অভিযোগ উপজেলা কমিটিকে তাৎক্ষনিক জানানো | ক) ফৌজদারী মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৮০% এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত/দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি ও পেশাগত আইডি বা প্রমাণক |

| | | |
|---|---|---|
| ফরম প্রাপ্তির স্থান | : | শহর সমাজসেবা কার্যালয়, চুয়াডাঙ্গা। |
| আবেদন ফরম বিতরণের তারিখ | : | ২৩/০৭/২০২৬ খ্রি. হতে ২৮/০৭/২০২৬ খ্রি. বেলা ১২.০০ টা পর্যন্ত |
| আবেদন ফরম দাখিলের স্থান ও তারিখ | : | শহর সমাজসেবা কার্যালয়, চুয়াডাঙ্গা।<br>২৩/০৭/২০২৬ খ্রি. হতে ২৮/০৭/২০২৬ খ্রি. বিকাল ৩.৩০ মি.পর্যন্ত |
| পরীক্ষা গ্রহণের তারিখ ও সময় | : | ২৯/০৭/২০২৬ খ্রি. (সময়: পরবর্তীতে জানানো হবে) |
| পরীক্ষা গ্রহণের স্থান | : | উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা এর অফিস কক্ষ |

শর্তাবলীঃ

১। তথ্য সংগ্রহকারীগণকে শুমারি চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২। ফ্যামিলি কার্ড শুমারি চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ (আট) ঘণ্টা তথ্য সংগ্রহ করতে হবে।
৩। তথ্য প্রযুক্তি খাতে দক্ষ হতে হবে।
৪। তথ্য সংগ্রহের কাজে গাফিলতি করা যাবে না।
৫। কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি করা যাবে না।
৬। সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পুর্ণরূপে রক্ষা করতে হবে।
৭। প্রদত্ত ট্যাব সযত্নে রক্ষা করতে হবে। অবহেলায় ট্যাব ক্ষতিগ্রস্ত হলে ক্ষতিপূরণ প্রদান করতে হবে।
৮। কোন পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা ভয়-ভীতি দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।
৯। ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী ভাতা বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে।

২৫.৭.২৬

(মোছা: মৌমিতা পারভীন)
শহর সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
চুয়াডাঙ্গা।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় সংসদ সদস্য, ৭৯, চুয়াডাঙ্গা-১।
২। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
৩। প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।
৪। সহকারী কমিশনার (ভূমি), চুয়াডাঙ্গা।
৫। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চুয়াডাঙ্গা।
৬। অফিসার ইনচার্জ, চুয়াডাঙ্গা।
৭। সদস্য ..........................................................................., ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, চুয়াডাঙ্গা।
৮। কাউন্সিলর (ভারপ্রাপ্ত),...................................................... চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।
৯। অফিস নথি।